লক্ষ্যভেদ

সবকটি কুঁড়ি যেন ফুল হয়

Liver Foundation
West Bengal

**কতদিন প্রশিক্ষণ - কোথায়, কারা দেবেন?**

প্রশিক্ষণ হবে নির্ধারিত সময়ে পুরুলিয়া জেলা স্কুলে। প্রশিক্ষণ দেবেন জেলার ও জেলার বাইরের অভিজ্ঞ শিক্ষক এবং শিক্ষিকাগন।

**ক্লাস ছাড়া আর কি আছে?**

নির্ধারিত লক্ষ্যে পৌছনোর জন্য নিয়মিত পরীক্ষার ব্যবস্থা (Mock Test) এবং পরীক্ষা সহায়ক উপকরণ (Study Meterial ) এর ব্যবস্থা রয়েছে।

**কিভাবে আবেদন করতে হবে?**

ফর্ম সংগ্রহ করতে হবে রাসমনি বালিকা বিদ্যালয় -এ । মাধ্যমিকের প্রত্যয়িত মার্কশীট, প্রধান শিক্ষকের শংসাপত্র সহ জমা দিতে হবে।

**পরীক্ষা ঃ-**

দশম শ্রেণীর মান অনুযায়ী চারটি বিষয়ের উপর পরীক্ষা হবে (সকল পরীক্ষার্থীদের জন্য)।

১) পদার্থবিদ্যা - ১৫ নম্বর (MCQ)

২) রসায়ন - ১৫ নম্বর (MCQ)

৩) অঙ্ক - ১৫ নম্বর (MCQ)

৪) জীববিদ্যা - ১৫ নম্বর (MCQ)

পরীক্ষার মোট সময় ৯০ মিনিট। পরীক্ষার সময় ক্যালকুলেটর ও মোবাইল ফোন পরীক্ষার্থীর সঙ্গে থাকবে না। লিখিত পরীক্ষার পর নির্দিষ্ট সংখ্যক ছাত্রছাত্রীকে সাক্ষাৎকারের জন্য ডাকা হবে। (মৌখিক পরীক্ষা ৪০ নম্বরের)

**শিক্ষণের মাধ্যম ঃ**

সর্বভারতীয় পরীক্ষার কথা মাথায় রেখে মাধ্যম হবে ইংরাজী। কিন্তু ছাত্রস্বার্থে প্রথমদিকে বাংলাও ব্যবহৃত হবে।

লক্ষ্যভেদ

সবকটি কুঁড়ি যেন ফুল হয়

Liver Foundation
West Bengal

**কেন এই উদ্যোগ ?**

পুরুলিয়া জেলার প্রত্যন্ত বিদ্যালয়ে পাঠরত ছাত্রছাত্রীদের দক্ষ এবং প্রতিযোগিতা মনস্ক, মানবিকভাবে দায়বদ্ধ করে সম্মিলিত প্রবেশিকা পরীক্ষায় তাদের সাফল্যের সম্ভবনা বৃদ্ধি করা।

**কারা উদ্যোক্তা ?**

জেলা প্রশাসন 'লক্ষ্যভেদ' - এর অভিভাবক। লিভার ফাউন্ডেশন এর সংগঠক ও সামাজিক দায়বাহক। এই উদ্যোগের পৃষ্ঠপোষক পুরুলিয়া জেলা প্রশাসন।

**লক্ষ্য কি ?**

অবৈতনিক প্রাতিষ্ঠানিক দৃষ্টিতে পুরুলিয়া জেলায় উৎকৃষ্ট ছাত্রছাত্রীদের সম্মিলিত প্রবেশিকা পরীক্ষার জন্য সার্থকভাবে প্রস্তুত করা।

**কারা অংশ নেবেন ?**

* প্রতিযোগিতায় অংশ নিতে হলে মাধ্যমিকে ৭০ শতাংশ, বিজ্ঞান বিষয়ে ৮০ শতাংশ নম্বর সাধারণ ছাত্রছাত্রীদের পেতে হবে। সংরক্ষিত শ্রেণীদের জন্য মাধ্যমিকে ৬০ শতাংশ (প্রথম বিভাগ) বিজ্ঞান বিষয়ে ৭০ শতাংশ।
* শুধুমাত্র পুরুলিয়া জেলায় অবস্থিত স্কুলে পাঠরত ছাত্রছাত্রীরা আবেদন করতে পারবে।
* প্রশিক্ষণের ছাত্র নির্বাচন হবে পরীক্ষার মাধ্যমে ঃ পরীক্ষার প্রশ্ন জয়েন্টের ধাঁচে (MCQ) দশম শ্রেণীর পাঠ্যক্রমের উচ্চমানে।